

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৯

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ তাকবীর কালে হাতের অঙ্গুলীসমুহ প্রসারিত করে রাখা।

باب مَا جَاءَ فِي نَشْرِ الأَصابِعِ عِنْدَ التَّكْبِيرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، وَأَبُو سَعِيدِ الْأَشَجُّ قَالاَ حَدَّثَنَا يَحْيَى بْنُ الْيَمَانِ، عَنِ ابْنِ أَبِي ذَبْبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا كَبَّرَ لِلصَّلاَةِ نَشَرَ أَصَابِعَهُ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَسَنٌ. وَقَدْ رَوَى غَيْرُ وَاحِدٍ لِلصَّلاَةِ نَشَرَ أَصَابِعَهُ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَسَنٌ. وَقَدْ رَوَى غَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنِ ابْنِ أَبِي ذِبْبٍ عَنْ سَعِيدِ بْنِ سِمْعَانَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ إِذَا دَخَلَ فِي الصَّلاَةِ رَفَعَ يَدَيْهِ مَدًّا. وَهَذَا أَصَحَ مِنْ رِوَايَةِ يَحْيَى بْنِ الْيَمَانِ فِي هَذَا الْحَدِيثِ .

বাংলা

২৩৯. কুতায়বা ও আবূ সাঈদ আল আশাজজ (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রসাল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাতের উদ্দেশ্যে তাকবীর বলতেন তখন তাঁর হাতের আঙ্গুলগুলি ছড়িয়ে রাখতেন। - তা'লীক আলা ইবনু খুযায়মা ৪৫৮, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু এর এই হাদিসটি হাসান। একাধিক রাবী আবূ যি'ব এর সুত্রে আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাতে দাখিল হতেন তখন দুই হাত প্রসারিত করে উঠাতেন। এই রিওয়ায়াতটি ইয়াহইয়া ইবনু ইয়ামানের বরাতে বর্ণিত আগের বেরওয়ায়াতটির তুলনায় অধিক সহীহ। ইবনু ইয়ামান এই হাদীটির বর্ণনায় ভুল করেছেন।

English

Abu Hurairah narrated:

"When Allah's Messenger performed the Takbir for Salat he would spread his



fingers."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন